তারিখ 20 FEB 2016
পৃষ্ঠা ৪ কলাম ৭

সমকাল

# ঢাবিতে ছাত্রলীগের দু'পক্ষের মারামারি আহত ৪

■ বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

ঢাকা বিশ্ববিদ্যালয়ে (ঢাবি) ছাত্রলীগের দু'পক্ষের মারামারির ঘটনায় সংগঠনের তিন কর্মীসহ চারজন আহত হয়েছেন। গতকাল শুক্রবার বিকেলে বিশ্ববিদ্যালয়ের বিজয় একাত্তর হলে এ ঘটনা ঘটে। আহতদের মধ্যে ছাত্রলীগ কর্মী তানভীর মাহমুদকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। অন্য দুই কর্মী আমির হামজা ও তারেক সংগ্রাম বিশ্ববিদ্যালয়ের চিকিৎসাকেন্দ্রে প্রাথমিক চিকিৎসা নিয়েছেন।

শুক্রবার বিকেল সাড়ে ৫টায় বিজয় একাত্তর হল ছাত্রলীগের সাধারণ সম্পাদক পক্ষের দুই কর্মী আমির হামজা ও তারেক সংগ্রাম হল ক্যান্টিনে নাশতা খেতে যান। নাশতা না পেয়ে তারা ক্যান্টিন মালিককে মারধর করে আহত করেন। এর প্রতিবাদ জানান ওই হলের সভাপতির পক্ষের তানভীর মাহমুদ নামের আরেক ছাত্রলীগ কর্মী। পরে তাকেও মারধর করেন আমির হামজা ও তারেক সংগ্রাম। এ খবর শুনে সভাপতি পক্ষের নেতাকর্মীরা আমির ও তারেককে মারধর করেন।